



সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১
২৫ জুলাই ২০২৪

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদেরকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রথমে কলেজ ওয়েবসাইটে (ahcollege.gov.bd) প্রবেশ করে PAYMENT অপশনে ক্লিক করতে হবে। তারপর ADMISSION & FORMFILLUP এ ক্লিক করে HIGHER SECONDARY মেনু থেকে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে বিভাগ, বোর্ড ও SSC পরীক্ষার রোল নম্বর প্রদান করে তা VERIFY করলে ভর্তির আবেদন ফরম আসবে। সেটি অনলাইনে পূরণ করে ekpay পেমেন্ট গেটওয়ের মাধ্যমে যেকোন মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার করে ভর্তি ফি জমা দিতে হবে। ভর্তি ফি জমা দেওয়ার পর SAVE বাটনে ক্লিক করে অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তারপর উক্ত ফরমটি ডাউনলোড করে নিম্নবর্ণিত কাগজপত্র সহকারে নির্ধারিত তারিখ ও সময়ে কলেজের কামারগাড়ীস্থ নতুন ভবনে জমা দিতে হবে। উক্ত ফরম এর একটি কপি শিক্ষার্থীদেরকে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

ভর্তির তারিখ, সময় ও স্থান: বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ: ২৮/০৭/২০২৪ ও ২৯/০৭/২০২৪ খ্রি. তারিখ।

কোটার নির্বাচিতদের ভর্তির জন্য সাক্ষাতকার: ২৯/০৭/২০২৪ খ্রি. তারিখ।

* কোটার ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে যাবতীয় মূল প্রমাণপত্র প্রদর্শন করে এক সেট ফটোকপি সত্যায়িত করে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

উল্লিখিত তারিখসমূহে সকাল ১০.০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত নতুন ভবন-এ ভর্তি কার্যক্রম চলবে।

বি. দ্র. ছাত্রদের ১,৯৯০/- (এক হাজার নয়শত নব্বই) টাকা এবং ছাত্রীদের (১,৯৯০ - ২৪০) = ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

১. কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ভর্তি ফরম ০১ (এক) কপি
২. এসএসসি পরীক্ষার নম্বরপত্রের অনলাইন কপি
৩. এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট। একাডেমিক ট্রান্সক্রিপ্ট না থাকলে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের মূল কপিসহ ফটোকপি ০১ টি
৪. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০১ টি
৫. শিক্ষার্থীর ডিজিটাল (অনলাইন) জন্মসনদের ফটোকপি ০১টি
৬. পিতা-মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১টি করে


প্রফেসর খোন্দকার কামাল হাসান (৫৬১৩)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর খোন্দকার কামাল হাসান (৫৬১৩)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।